"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক সম্প্রসারণ এর কার্যালয়
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.২০০.৯৯.০১৮.১৭-৩৯৪

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩/০৪/২০২৫ খ্রি.

বিষয়: তীব্র তাপপ্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করনীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী দেশের বিভিন্ন জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামী দিনগুলোতে তীব্র তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে। এ ধরণের আবহাওয়ায় গবাদিপশু ও হাঁস-মুরগী তাপপ্রবাহজনিত পীড়নে আক্রান্ত হতে পারে। এমতাবস্থায় গবাদি পশু ও হাঁস-মুরগী পালনকারী/ খামারীগণকে তাপপ্রবাহজনিত পীড়ন প্রতিরোধে নিম্নবর্ণিত করণীয় বিষয়সহ প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০১.গবাদিপশু/ পোল্ট্রির ঘর বা শেড শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এজন্য শেডের চালে ভেজা চট/বস্তা/কাপড় বিছিয়ে দেয়া যেতে পারে এবং কিছু সময় পরপর তাতে পানি ছিটিয়ে ভিজিয়ে দিতে হবে। শেডের ভিতরেও ভেজা চট/বস্তা/কাপড় ঝুলিয়ে রাখলে ঘরের ভিতরের তাপমাত্রা শীতল রাখতে সাহায্য করবে।

০২ শেডের উপরে সরাসরি সূর্যের তাপ প্রতিরোধে খড়ের স্তর / রঙিন (কালো বা স্বচ্ছ নয়) পলিথিন সামিয়ানার মত করে দেয়া যেতে পারে।

০৩. শেডের ভিতরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজনে ফ্যান/এক্সস্ট ফ্যান (Exhaust fan) ব্যবহার করতে হবে।

০৪. তীব্র তাপপ্রবাহের সময় গবাদিপশুকে আবদ্ধ ঘরে বা খোলা মাঠে না রেখে গাছের ছায়াযুক্ত স্থানে রাখার ব্যবস্থা করতে হবে।

০৫.পর্যাপ্ত বিশুদ্ধ ও ঠান্ডা পানি সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। পানির সাথে পরিমানমত ইলেক্ট্রোলাইট ও ভিটামিন-সি মিশিয়ে দেয়া যেতে পারে।

০৬. দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে অর্থাৎ সকালে ও সন্ধ্যায় খাদ্য প্রদান করতে হবে এবং উচ্চ শক্তি/প্রোটিনযুক্ত খাদ্য পরিহার করতে হবে।

০৭. গবাদিপশুকে একাধিকবার গোসল করানো / পাইপের সাহায্যে শরীর ভিজিয়ে দিতে হবে।

০৮.প্রতি ইউনিট জায়গায় গবাদিপশু ও হাঁস-মুরগির সংখ্যা কমিয়ে বেশি জায়গা নিশ্চিত করতে হবে যাতে গাদাগাদি কম হয় এবং স্বস্তিতে থাকতে পারে।

০৯.তীব্র গরমে গবাদিপশু / হাঁস-মুরগীকে টীকা কিংবা কৃমিনাশক প্রদান করা থেকে বিরত থাকতে হবে এবং পরিবহনের প্রয়োজন হলে দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে পরিবহন করতে হবে।

১০.গবাদিপশু / হাঁস-মুরগীর বিষয়ে যেকোন পরামর্শ এর জন্য নিকটস্থ ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে হবে।

১১.প্রানিসম্পদ অধিদপ্তরের National Livestock Advisory System (NLAS) (https://nlas.dls.gov.bd) হতে আবহাওয়ার পূর্বাভাস এবং তাপমাত্রা-আর্দ্রতা সূচক (THI) অনুসরণ করে আগাম প্রস্তুতি নিতে হবে।

১৩/০৪/২০২৫
ডা. বেগম শামছুন নাহার আহম্মদ
পরিচালক, সম্প্রসারণ
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

পরিচালক,
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপি-
১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

Scanned with CamScanner